

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৪৯

১/ বিবিধ

আরবী

كان إذا استلم الحجر قال: اللهم إيمانا بك، وتصديقا بكتابك، واتباعا سنة نبيك موقوف ضعيف

أخرجه الطبراني في " المعجم الأوسط " (رقم _ 488 _ مصورتي) عن أبي إسحاق عن الحارث عن على أنه كان: فذكره

قلت: وهذا سند واه، من أجل الحارث وهو الأعور وهو ضعيف

ثم أخرجه (رقم _ 5617 و5971) من طريق عون بن سلام: حدثنا محمد بن مهاجر عن نافع قال

كان ابن عمر إذا استلم الحجر قال: فذكره. وزاد في آخره

ثم يصلى على النبي صلى الله عليه وسلم

قلت: وهذا سند ضعيف أيضا، وعلته محمد بن مهاجر وهو القرشي الكوفي، قال

الذهبي: لا يعرف

وقال ابن حجر: لين

ووهم الهيثمي في " المجمع " فقال (3/240)

رواه الطبراني في " الأوسط "، ورجاله رجال (الصحيح)

ووجه الوهم أن محمد بن مهاجر هذا ليس من رجال الصحيح، ولم يخرج له من الستة سوى النسائي في "عمل اليوم والليلة "، ثم هو ضعيف كما عرفت. والظاهر أن الهيثمى توهم أنه محمد بن مهاجر بن أبى مسلم الشامى، فإنه من رجال مسلم، وهو



ثقة ومن طبقة هذا، ولكنه ليس به، وليس من شيوخه نافع، ولا من الرواة عنه عون بن سلام، بخلاف الأول، كما يتبين للباحث في ترجمة الرجلين في " تهذيب التهذيب

বাংলা

১০৪৯। তিনি যখন হাজরে আসওয়াদকে চুমু দিতেন তখন বলতেনঃ হে আল্লাহ! তোমার উপর ঈমান এনে, তোমার গ্রন্থকে সত্য জেনে এবং তোমার নবীর সন্নাতের অনুসরণ করে।

এটি দুর্বল মওকুফ।

এটি ত্ববারানী "আল-মুজামুল আওসাত" গ্রন্থে (নং ৪৮৮) আবু ইসহাক হতে, তিনি হারেস হতে, তিনি আলী (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হারেস আল-আওয়ার দুর্বল হওয়ার কারণে এ সনদটি দুর্বল।

অতঃপর তিনি (নং ৫৬১৭, ৫৯৭১) আউন ইবনু সালাম সূত্রে মুহাম্মাদ ইবনু মুহাজ্জের হতে, তিনি নাফে হতে, তিনি ইবনু উমার হতে বর্ণনা করেছেন। তবে তিনি শেষে বলেছেনঃ অতঃপর তিনি নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম-এর উপর দূরূদ পাঠ করতেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটিও দুর্বল। তার সমস্যা হচ্ছে এই মুহাম্মাদ ইবনু মুহাজ্জের, তিনি কুরাশী কৃফী। হাফিয যাহাবী তার সম্পর্কে বলেনঃ তাকে চেনা যায় না। ইবনু হাজার বলেনঃ তিনি দুর্বল। হায়সামী "আলমাজমা" গ্রন্থে (৩/২৪০) সন্দেহ বশত বলেছেনঃ বর্ণনাকারীগণ সহীহ বর্ণনাকারী। সন্দেহের কারণ এই যে, মুহাম্মাদ ইবনু মুহাজ্জের সহীহ বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত নন। ইমাম নাসাঈর "আ'মালুল ইয়াওয়াম অল লায়লাহ" গ্রন্থের বর্ণনা ছাড়া ছয়টি হাদীস গ্রন্থের রচনাকারীগণ তার থেকে বর্ণনা করেননি। আর এ ব্যক্তি দুর্বল যেমনটি আপনারা জেনেছেন। হায়সামী ধারণা করেছেন যে, তিনি হচ্ছেন মুহাম্মাদ ইবনু মুহাজ্জের ইবনে আবী মুসলিম শামী। তিনি ইমাম মুসলিমের বর্ণনাকারী। তিনি নির্ভরযোগ্য। কিন্তু এই মুহাম্মাদ আলোচ্য হাদিসের সনদের মুহাম্মাদ নন। কারণ ইমাম মুসলিমের বর্ণনাকারীর শাইখদের মধ্যে নাফে' নেই এবং তার বর্ণনাকারীর আউন নামের কোন ছাত্রও নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন